

পরীক্ষার্থীদের প্রতি নির্দেশিকা (বিষয় বাংলা)

বিএ কোর্সের পাট ১, পাট ২ (অনার্স ও জেনারেল), সেমেস্টার ২ ও ৪ (অনার্স ও জেনারেল), SEC, LCC, AECC সহ সমস্ত কোর্সের পরীক্ষার্থী যাদের বিষয় হিসেবে 'বাংলা' আছে তাদের সকলকে আসন্ন পরীক্ষার নিয়মাবলী সংক্রান্ত কিছু নির্দেশিকা জানানো হচ্ছে। **সকল পরীক্ষার্থীদের অনুরোধ করা হচ্ছে নিম্নলিখিত নিয়মাবলী খুব খুঁটিয়ে পড়তে এবং সেই অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে।**

১। কলেজ ওয়েবসাইটে প্রদত্ত নির্দিষ্ট <https://newaliporecollege.ac.in/NPC-Exam/index.php?course=BA> থেকে প্রশ্নপত্র ডাউনলোড করে নিতে হবে। পরীক্ষার রুটিন অনুযায়ী যে দিন যে পত্রের পরীক্ষা সেইদিন পরীক্ষা শুরুর পাঁচ মিনিট আগে সেই প্রশ্ন ডাউনলোড করা যাবে।

২। সমস্ত পত্রের সমস্ত প্রশ্নই করা হয়েছে MCQ পদ্ধতিতে। প্রত্যেক প্রশ্নের সঙ্গে চারটি করে উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটি খুঁজে নিয়ে Answer Sheet এ নির্দেশ করতে হবে। answer Sheet এর লিঙ্ক প্রতিটি প্রশ্নপত্রের ওপরে নীল রঙের Hyperlink এর আকারে রয়েছে। সেখানে ক্লিক/টাচ করে Answer Sheet খুলে নিতে হবে। Answer Sheet টি google form এর আকারে প্রস্তুত করা হয়েছে। পরীক্ষার্থী শুরুতে Answer Sheet এর নির্দিষ্ট জায়গায় নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, ই-মেইল ও ফোন নম্বর দিয়ে ২৫টি প্রশ্নের সঠিক উত্তর নির্দেশ করে Submit করবে।

৩। প্রতিটি প্রশ্নপত্রে ২৫টি প্রশ্ন আছে। সবকটি প্রশ্নের উত্তর করা আবশ্যিক। নচেৎ উত্তরপত্র Submit করা যাবে না। কোনো ক্ষেত্রেই বিকল্প প্রশ্ন দেওয়া হয়নি।

৪। একজন পরীক্ষার্থী একটি পেপারের উত্তরপত্র একবারই Submit করতে পারবে। বারবার Submit করবার সুযোগ নেই।